বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পবিস নির্দেশিকা-১০০-৬৮/
বাপবিবো নির্দেশিকা-৫০০-৩১

বাপবিবো কর্তৃক বিভিন্ন প্রকল্পের বিপরীতে এবং পবিস এর
ডিপোজিট/ওএন্ডএম কাজের জন্য মালামাল সংগ্রহ প্রক্রিয়া ।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
পবিস নির্দেশিকা-১০০-৬৮/বাপবিবো নির্দেশিকা-৫০০-৩১

অনুমোদনের তারিখঃ ১৯/০২/২০২০ খ্রিঃ
সংশোধনের তারিখঃ -

**বিষয়ঃ বাপবিবো কর্তৃক বিভিন্ন প্রকল্পের বিপরীতে এবং পবিস এর ডিপোজিট/ওএন্ডএম কাজের জন্য মালামাল সংগ্রহ প্রক্রিয়া।**

০১॥ উদ্দেশ্যঃ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক বিভিন্ন ফান্ডের বিপরীতে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের জন্য প্রকল্পের বিপরীতে নতুন বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নির্মান, সম্প্রসারণ, উন্নয়ন ও নবায়নসহ পবিসের ডিপোজিট কাজ এবং প্রয়োজনে ওএন্ডএম কাজের জন্য প্রয়োজনীয় মালামাল সংগ্রহের নীতিমালা ও পদ্ধতি নির্ধারণ।

০২॥ সাধারণঃ

বাপবিবো কর্তৃক পর্যায়ক্রমে সারাদেশের জনগণের জন্য বিদ্যুৎ সুবিধা পৌছে দেয়ার লক্ষ্যে যে সমস্ত এলাকায় এখনও বিদ্যুৎ সুবিধা পৌছেনি সে সমস্ত এলাকা বিদ্যুতায়নসহ, ইতোপূর্বে বিদ্যুতায়িত এলাকায় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার অধিকতর সম্প্রসারণ, বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কের উন্নয়ন বা ক্ষমতাবর্ধন ইত্যাদি কাজসমূহ অব্যাহত আছে এবং ভবিষ্যতেও অব্যাহত থাকবে। বাংলাদেশ সরকারের কিংবা উন্নয়ন সহযোগীদের অর্থায়নে বাপবিবো কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ একনেক কর্তৃক অনুমোদনের বিপরীতে বাস্তবায়িত হয়ে থাকে। প্রতিটি প্রকল্প বাস্তবায়নের জন্য একজন



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৫৫

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। প্রকল্প পরিচালক এর নেতৃত্বে প্রকল্প পরিচালকের দপ্তর প্রকল্প বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করে থাকে। পল্লী বিদ্যুতায়ন কাজের প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান উপাদান হচ্ছে প্রয়োজনীয় মালামাল। আলোচ্য নীতিমালায় বপবিবোর প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য মালামাল সংগ্রহের পদ্ধতি বর্ণনা করা হলো।

প্রকল্পের মালামাল সংগ্রহ ছাড়াও পল্লী বিদ্যুৎ সমিতি (পবিসসমূহের ডিপোজিট কাজ ও ওএন্ডএম কাজের জন্য) এর প্রয়োজনীয় মালামাল বাপবিবো কর্তৃক সংগ্রহ করা যেতে পারে। বাপবিবো কর্তৃক পবিস এর মালামাল সংগ্রহের প্রক্রিয়াও আলোচ্য নীতিমালায় বর্ণিত হলো।

**০৩॥ নীতিমালাঃ**

**০৩.০১ প্রকল্পের বিপরীতে মালামাল সংগ্রহঃ**

(১) **বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়নঃ** যে কোন প্রকল্পের বিপরীতে মালামাল সংগ্রহের জন্য অর্থ বছরের শুরুতে ডিপিপি (Development Project Proforma) তে বাৎসরিক মালামাল সংগ্রহের সংস্থান, সংশ্লিষ্ট অর্থ বছরে উক্ত প্রকল্পের বিপরীতে মালামাল সংগ্রহ খাতে বার্ষিক ক্রয় কর্মসূচী (এডিপি) তে বরাদ্দকৃত অর্থের সংস্থান, বাৎসরিক নির্মান লক্ষ্যমাত্রা ইত্যাদি বিবেচনা করে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ডিপিপি এর আলোকে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে HOPE এর অনুমোদন গ্রহণ করবেন।

(২) **বার্ষিক ক্রয় পরিকল্পনার আলোকে বিভিন্ন আইটেমের মালামালের পরিমাণ নির্ধারণঃ** বার্ষিক ক্রয় পরিকল্পনায় সাধারণত কোন গ্রুপের মোট কতটি ও কত টাকার মালামাল সংগ্রহ করা হবে তা উল্লেখ থাকে। উদাহরণ স্বরুপ বলা যায়, মোট পোল কতটি সংগ্রহ করা হবে তা উল্লেখ থাকলেও কোন সাইজের কতটি পোল সংগ্রহ করা হবে তা সাধারণত উল্লেখ থাকে না, অথবা কত টাকার হার্ডওয়্যার মালামাল সংগ্রহ করা হবে তা উল্লেখ থাকলেও কোন আইটেমের হার্ডওয়্যার কি পরিমান সংগ্রহ করা হবে তা উল্লেখ থাকে না।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৮০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের পর সংশ্লিষ্ট প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের বার্ষিক লক্ষ্যমাত্রা, সারাদেশে বিভিন্ন আইটেমের মালামালের মজুদ, পাইপলাইনে (ক্রয় কার্যদেশ প্রদান করা হয়েছে এবং মালামাল প্রাপ্তির আপেক্ষায় আছে অথবা কার্যাদেশ প্রদানের অপেক্ষায় আছে) ইত্যাদি বিবেচনা করে প্রতিটি বার্ষিক ক্রয় পরিকল্পনার আলোকে বিভিন্ন আইটেমের মালামালের পরিমাণ নির্ধারণ করা হবে। যেহেতু পল্লী বিদ্যুতায়ন

কার্যক্রমের সার্বিক মালামালের ব্যবস্থাপনা এমপিএসএস পরিদপ্তর সম্পন্ন করে থাকে সেহেতু একটি কমিটির মাধ্যমে মালামালের পরিমাণ নির্ধারণ করা হবে। উক্ত কমিটিতে উপ-পরিচালক/নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার প্রকল্প পরিচালকের দপ্তরের ও এমপিএসএস (Material Planning & Standardizing Specification) পরিদপ্তরের প্রতিনিধি অন্তর্ভূক্ত হবেন।

(৩) **সংগ্রহতব্য মালামালের প্রাক্কলন প্রস্তুতকরণঃ**

(ক) সংগ্রহতব্য মালামালের পরিমাণ নির্ধারণের পর প্রতিটি আইটেমের অনুমোদিত একক প্রাক্কলিত মূল্যের ভিত্তিতে প্রতিটি আইটেমের প্রাক্কলন নির্ধারণ করতে হবে। প্রতিটি আইটেমের একক প্রাক্কলিত মূল্য নিম্নে বর্ণিত কমিটি নির্ধারণ করবে। কমিটি কর্তৃক নির্ধারিত একক মূল্যের ভিত্তিতে প্রাক্কলন প্রস্তাত করতে হবে।

একক প্রাক্কলিত মূল্য নির্ধারণের জন্য কমিটি নিম্নরুপঃ

০১। সদস্য (পিএন্ডডি), বাপবিবো - আহবায়ক
০২। সদস্য(অর্থ), বাপবিবো - সদস্য
০৩। পরিচালক, এমপিএসএস পরিদপ্তর, বাপবিবো - সদস্য-সচিব।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০৩

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

(খ) কমিটির কার্যধারা নিম্নরূপঃ

(i) কমিটি সাধারণত বাৎসরিক ভিত্তিতে (অর্থ বছরের শুরুতে) যুক্তিসংগতভাবে প্রতিটি আইটেমের একক প্রাক্কলিত মূল্য হালনাগাদ করবে। হালনাগাদ করার ক্ষেত্রে একক মূল্য পূর্বের মূল্যের চেয়ে বেশি, কম বা সমান হতে পারে।

(ii) কোন আইটেম বাদ পড়লে কিংবা নতুন কোন আইটেম অন্তর্ভূক্ত হলে অথবা ইতোপূর্বে নির্ধারিত কোন আইটেমের প্রাক্কলিত মুল্য যুক্তিসংগত কারণে পুনঃনির্ধারণের প্রয়োজন হলে কমিটি বৈঠকে মিলিত হয়ে প্রাক্কলিত মূল্য নির্ধারণ/পুনঃনির্ধারণ করতে পারবে।

(iii) পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে ব্যবহৃত বিভিন্ন ধরণের মালামাল/যন্ত্রপাতির কম্পোনেন্ট ভিত্তিক মালামালের মূল্য/ব্যয় নির্ধারণ জটিল বা বাস্তবভিত্তিক করা সম্ভব নয় বিধায় কমিটি কর্তৃক মালামালের প্রাক্কলিত মূল্য নির্ধারণ/ পুনঃনির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট আইটেমের সাম্প্রতিককালের সংগ্রহ মূল্য পর্যালোচনা, প্রতিযোগিতা, প্রধান কাঁচামালের মূল্যের গতিধারা, মালামাল তৈরী ও বিপনন ব্যয় ইত্যাদি বিষয় বিবেচনা করবে।

(iv) প্রসংগত উল্লেখ্য যে, বৈদেশিক সাহায্যপুষ্ট কোন প্রকল্পের বিপরীতে বৈদেশিক মুদ্রায় মালামাল সংগ্রহের ক্ষেত্রে মালামালের একক প্রাক্কলিত মুল্য নির্ধারণের কমিটিতে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, সদস্য হিসেবে অন্তর্ভূক্ত হবেন। একই সময়ে একাধিক প্রকল্পে বৈদেশিক মুদ্রায় মালামাল সংগ্রহ করা হলে প্রতিটি প্রকল্পের আলাদাভাবে মূল্য নির্ধারণের জন্য কমিটির বৈঠক অনুষ্ঠিত হবে। উক্ত বৈঠকগুলিতে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ সদস্য হিসেবে উপস্থিত থাকবেন। প্রাক্কলিত একক মূল্য নির্ধারণের পর সংগ্রহতব্য মালামালের প্যাকেজ/সাব-প্যাকেজ অনুযায়ী মালামালের বিস্তারিত পরিমাণ ও মূল্য তথা বিল অব ম্যাটেরিয়াল প্রস্তুতের পর সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক তা HOPE (Head of Procuring Entity)-এর নিকট হতে অনুমোদন গ্রহণ করবেন।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP, BREB

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

(৪) সংগ্রহতব্য মালামলের স্পেসিফিকেশন নির্ধারণঃ

(ক) পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে ব্যবহৃত সকল মালামালের সুনির্দিষ্ট স্পেসিফিকেশন নির্ধারণ করা আছে। ক্রয়কারী দপ্তর কর্তৃক যে কোন মালামাল সংগ্রহের জন্যই দরপত্র আহবান করা হোক না কেন, দরপত্র দলিলে সংগ্রহতব্য মালামাল এর স্পেসিফিকেশন সংযুক্ত থাকতে হবে। মালামাল সরবরাহকারী সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী মালামাল সরবরাহ করতে সক্ষম প্রমানিত হলেই তা কারিগরীভাবে উপযুক্ত বলে বিবেচিত হবে। বাপবিবো কর্তৃক ব্যবহৃত সকল মালামালের স্পেসিফিকেশন সংরক্ষণ, কোন স্পেসিফিকেশন এর পরিবর্তন, নতুন স্পেসিফিকেশন প্রণয়ন ইত্যাদির সার্বিক দায়িত্ব এমপিএসএস পরিদপ্তর পালন করে। নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবনের ফলে নতুন স্পেসিফিকেশন তৈরী, স্পেসিফিকেশন পরিবর্তন, আপডেটকরণ ইত্যাদি কাজের পরিধি ও গুরুত্ব বৃদ্ধি পাচ্ছে। এসব বিবেচনায় কোন স্পেসিফিকেশন নির্ধারিত কমিটিতে (স্পেসিফিকেশন অনুমোদনের কমিটি) অনুমোদনের জন্য উপস্থাপনের পূর্বে তা স্পেসিফিকেশন প্রণয়ন কমিটি কর্তৃক চূড়ান্ত করতে হবে।

(খ) (i) স্পেসিফিকেশন প্রণয়ন কমিটিঃ

০১। প্রধান প্রকৌশলী (পওপ), বাপবিবো - আহবায়ক
০২। পরিচালক, এমপিএসএস পরিদপ্তর - সদস্য
০৩। পরিচালক, এসইএন্ডডি পরিদপ্তর - সদস্য
০৪। উপ-পরিচালক (এমপিএসএস) (পরিচালক কর্তৃক মনোনীত) - সদস্য-সচিব
০৫। সদস্য(পিএন্ডডি) কর্তৃক মনোনীত এক বা একাধিক কারিগরী কর্মকর্তা - সদস্য



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP, BREB

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

(ii) কোন নতুন স্পেসিফিকেশন প্রণয়নের প্রয়োজনীয়তা দেখা দিলে অথবা কোন স্পেসিফিকেশন-এর সংশোধন/পরিবর্তন আবশ্যক হলে পরিচালক (এমপিএসএস) তা সদস্য (পিএন্ডডি) এর নিকট উপস্থাপন করবেন। পরিচালক (এমপিএসএস) কর্তৃক উপস্থাপনের সময় উক্ত কমিটিতে সদস্য-সচিব হিসেবে কাকে মনোনীত করা হবে তার নাম উল্লেখ করবেন। সদস্য (পিএন্ডডি) যে আইটেমের স্পেসিফিকেশন প্রণয়ন করা হবে বা পরিবর্তন করা হবে সে আইটেম এবং স্পেসিফিকেশনের ব্যাপকতা, উপযুক্ততা ইত্যাদি বিবেচনা করে সংশ্লিষ্ট স্পেসিফিকেশন প্রণয়ন/পরিবর্তনে ব্যাপক ভূমিকা রাখতে পারেন এমন এক বা একাধিক কর্মকর্তাকে অন্তর্ভূক্ত করে কমিটির অনুমোদন দিবেন। সদস্য(পিএন্ডডি) কর্তৃক অনুমোদনের পর পরিচালক (এমপিএসএস) এতদবিষয়ে পত্র জারী করবেন। উক্ত কমিটি কর্তৃক কার্য সম্পাদনের পর সংশ্লিষ্ট স্পেসিফিকেশন (নুতন কিংবা পরিবর্তিত) অনুমোদনের জন্য পরিচালক (এমপিএসএস) স্পেসিফিকেশন অনুমোদনের নির্ধারিত কমিটিতে উপস্থাপন করবেন।

(iii) স্পেসিফিকেশন অনুমোদন কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১। চেয়ারম্যান, বাপবিবো | - | আহবায়ক |
| ২। সদস্য (ডিএন্ডও), বাপবিবো | - | সদস্য |
| ৩। সদস্য (পিএন্ডডি), বাপবিবো | - | সদস্য |
| ৪। সদস্য(পবিস ব্যবস্থাপনা), বাপবিবো | - | সদস্য |
| ৫। প্রধান প্রকৌশলী (পওপ), বাপবিবো | - | সদস্য |
| ৬। পরিচালক (এমপিএসএস), বাপবিবো | - | সদস্য-সচিব |



(Md. Mozibur Rahman)
Consultant TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP, BREB

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৩০

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

(৫) দরপত্র দলিল প্রস্তুতকরণঃ

(ক) **দরপত্র দলিল প্রস্তুতঃ** ইতোপূর্বে অনুমোদিত Bill of material এর সাথে সংগ্রহতব্য মালামালের Specification, Bid/Tender submission sheet, Price schedule, Delivery schedule ইত্যাদি এমপিএসএস পরিদপ্তরের সহায়তায় প্রস্তুত পূর্বক প্রকল্প পরিচালকের দপ্তর দরপত্র দলিল প্রস্তুত করবে।

(খ) **দরপত্র আহবান ও পরবর্তীতে সরবরাহকারীর সাথে চুক্তি সম্পাদন ও বাস্তবায়নঃ** দরপত্র দলিল প্রস্তুতের পর প্রকল্প পরিচালকের দপ্তর PPR (Public Procurement Regulation) এ বর্ণিত সকল নীতিমালা/নির্দেশিকা অনুসরণ পূর্বক দরপত্র আহাবান থেকে শুরু করে দরপত্র প্রক্রিয়ার সকল ধাপ অনুসরণ পূর্বক সর্বনিম্ন কৃতকার্য দরদাতার/সরবরাহকারীর (Lowest Responsive Bidder) সাথে চুক্তি সম্পাদন করবে এবং PPR এর নির্দেশনা অনুযায়ী তা বাস্তবায়ন করবে। EGP এর মাধ্যমে দরপত্র আহবান করা হলে এতদবিষয়ে PPR এর সর্বশেষ নীতিমালা ও CPTU এর (Central Procurement Technical Unit) এর Guideline অনুযায়ী দরপত্র আহবান থেকে শুরু করে অন্যান্য যাবতীয় কার্যাবলী সম্পন্ন করতে হবে।

**০৩.০২ প্রকল্প ব্যতীত অন্যান্য খাতে মালামাল সংগ্রহঃ**

(ক) প্রকল্পের মালামাল ব্যতীত বাপবিবো কর্তৃক পবিসের প্রয়োজনে বিভিন্ন ফান্ডের অর্থ সাময়িকভাবে ব্যবহার করে মালামাল সংগ্রহ করে থাকে। উদাহরণ স্বরুপ বলা যায় যে, ইন্সুরেন্স ফান্ডের অর্থ ব্যবহার করে ইতোপূর্বে পবিসের জন্য মিটার, এসিআর ইত্যাদি অত্যাবশ্যকীয় আইটেমসমূহ সংগ্রহ করে তা নগদ মূল্যে বিক্রি করে পবিসসমূহের জন্য জরুরী প্রয়োজন মেটানো সম্ভব হয়েছে। ইন্সুরেন্স ফান্ড ছাড়াও অন্য কোন উৎস হতে অর্থ সংস্থানের সুযোগ সৃষ্টি করে পবিসসমূহের জরুরী প্রয়োজনীয় মালামালের মজুদ গড়ে তোলা সম্ভব হলে পবিসমূহের পরিচালন কার্যক্রম উন্নত তথা গ্রাহক সেবার মান বৃদ্ধি করা সম্ভব হবে। তবে বিদ্যুৎ



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakraborty)
PD, TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৫০

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

ব্যবস্থার সুষ্ঠু পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য পবিসমূহ লীড পবিসের মাধ্যমে নিয়মিতভাবে ওএন্ডএম খাতে মালামাল সংগ্রহ করে থাকে। একইভাবে ডিপেজিট ওয়ার্কের আওতায়ও পবিসমূহ লীড পবিসের মাধ্যমে নিয়মিত মালামাল সংগ্রহ করে। লীড পবিসের মাধ্যমে মালামাল সংগ্রহ একটি দীর্ঘ প্রক্রিয়া। এ প্রক্রিয়ায় সংগ্রহতব্য মালামালের পরিমাণ নির্ধরণ হতে শুরু করে মালামাল প্রাপ্তির সময় পর্যন্ত বিবেচনা করলে দেখা যায় যে, এক একটি মালামাল সংগ্রহ প্রক্রিয়া সম্পন্ন করতে যথেষ্ঠ সময় ব্যয় হয়। দীর্ঘ সময়ের ব্যবধানে অনেক মালামালেরই চাহিদার পরিমাণ পূর্ব নির্ধারিত পরিমাণ অপেক্ষা প্রায়শই কম-বেশি হয়ে থাকে। তাছাড়া মালামাল গ্রহণ প্রক্রিয়া ও সরবরাহকারীর বিল পরিশোধ ইত্যাদি কাজেও যথেষ্ঠ

বিলম্ব/বিঘ্ন ঘটে। এ সব বিবেচনায় লীড পবিস ছাড়াও বিকল্প পন্থায় পবিস এর ওএন্ডএম ও ডিপোজিট ওয়ার্কের মালামাল সংগ্রহের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

**(খ) ওএন্ডএম ও ডিপোজিট খাতে বাপবিবো কর্তৃক মালামাল সংগ্রহের জন্য অর্থের সংস্থানঃ**

(i) ওএন্ডএম খাতে মালামাল সংগ্রহের জন্য প্রধানত পবিসের রিপ্লেসমেন্ট রিজার্ভ ফান্ড, মিটার ভাড়া, অপরিচালন আয় ইত্যাদি এবং ডিপোজিট ওয়ার্ক খাতে মালামাল সংগ্রহের জন্য সম্ভাব্য গ্রাহকদের নিকট হতে প্রাপ্ত অর্থই প্রধান উৎস হিসেবে ব্যবহৃত হবে। পবিসমূহ বাপবিবো কর্তৃক মালামাল সংগ্রহের জন্য খাতওয়ারী (ওএন্ডএম বা ডিপোজিট) মালামালের সম্ভাব্য চাহিদা এমপিএসএস পরিদপ্তরে প্রেরণ করবে। এর পাশাপাশি উল্লিখিত মালামাল সংগ্রহের জন্য সম্ভাব্য ব্যয় নির্ধারণ করে প্রয়োজনীয় অর্থ বাপবিবোতে প্রেরণ করবে। বাপবিবো কর্তৃক মালামাল সংগ্রহ করার পর পবিস কর্তৃক ইতোপূর্বে প্রদত্ত চাহিদা মোতাবেক বা সম্ভব হলে সম্পুরক চাহিদা মোতাবেক মালামাল প্রদান পূর্বক ইতোপূর্বে বাপবিবোতে প্রেরিত অর্থ সমন্বয় করা হবে।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২২তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

(ii) এক্ষেত্রে ইতোপূর্বে বাপবিবোতে প্রেরিত অর্থ অপেক্ষা গৃহীত মালামালের মূল্য বেশি হলে অবশিষ্ট অর্থ প্রদান করে মালামাল সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, ধারে মালামাল প্রদান করা হলে সংগ্রহ কার্যক্রম ব্যহত হবে এবং পবিসসমূহকে কাংখিত মাত্রায় সেবা প্রদান করা সম্ভব হবে না। অপরদিকে পবিসসমূহ কর্তৃক এ সকল খাতে অর্থ যোগান পর্যাপ্ত হলেও বাপবিবো কর্তৃক আরও অন্য কোন উৎস হতে এ খাতে অর্থ যোগান দেয়া সম্ভব হলে এবং সুষ্ঠু পরিকল্পনা মোতাবেক মালামাল সংগ্রহ করা গেলে পবিসসমূহকে চাহিবামাত্র মালামাল প্রদানের মত পরিস্থিতি সৃষ্টি করা সম্ভব হবে। এক্ষেত্রে বিশেষভাবে মনে রাখতে হবে যে, কোন জীবন ও সম্পদ রক্ষার মত বিশেষ জরুরী ক্ষেত্র ব্যতীত পবিসসমূহকে ধারে মালামাল প্রদান করা সমীচিন হবে না।

**(গ) ওএন্ডএম খাতে ও ডিপোজিট খাতে সংগ্রহতব্য মালামালের পরিমাণঃ**

পবিসসমূহ ওএন্ডএম ও ডিপোজিট খাতে সংগ্রহতব্য মালামালের পরিমাণ এমপিএসএস পরিদপ্তরে প্রেরণ করবে। সাধারণত পবিসসমূহ অর্থ বছরের শুরুতে ঐ বছরের চাহিদা নিরুপন করে পাঠাবে, পরবর্তীতে ডিসেম্বর মাসে প্রয়োজনে চাহিদাটি পুনঃমূল্যায়ন করে সংশোধিত চাহিদা প্রেরণ করতে পারবে। প্রসংগত উল্লেখ্য যে, বাপবিবো কর্তৃক প্রতিটি গ্রুপের সংগ্রহতব্য মালামাল ২টি ধাপে (Trench) এ সংগ্রহ করা উত্তম হবে। বাস্তবতার নিরীক্ষে ধাপ সংখ্যা কম/বেশী করেও মালামাল সংগ্রহ করা যাবে। ওএন্ডএম ও ডিপোজিট খাতে সংগ্রহতব্য মালামালের পরিমাণ নিম্নে বর্ণিত ২টি কমিটির মাধ্যমে নির্ধারণ করা হবে।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৫০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

(i) ওএন্ডএম খাতে মালামাল সংগ্রহের পরিমাণ নির্ধারণ কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১। প্রধান প্রকৌশলী (পওপ) | - | আহবায়ক |
| ২। পরিচালক (ঋণ ও বাজেট পরিদপ্তর) | - | সদস্য |
| ৩। পরিচালক (পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তর) {সদস্য (পবিস ব্যবস্থাপনা) কর্তৃক মনোনীত} | - | সদস্য |
| ৪। পরিচালক (এমপিএসএস পরিদপ্তর) | - | সদস্য-সচিব |

(ii) ডিপোজিট খাতে মালামাল সংগ্রহের পরিমাণ নির্ধারণ কামিটিঃ

| | | |
|---|---|---|
| ১। প্রধান প্রকৌশলী (প্রকল্প) | - | আহবায়ক |
| ২। পরিচালক (ঋণ ও বাজেট পরিদপ্তর) | - | সদস্য |
| ৩। পরিচালক (পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তর) {সদস্য (পবিস ব্যবস্থাপনা) কর্তৃক মনোনীত} | - | সদস্য |
| ৪। পরিচালক (এমপিএসএস পরিদপ্তর) | - | সদস্য-সচিব |

(iii) অনুচ্ছেদ ০৩.০২(গ) এর (i) ও (ii) এ উল্লিখিত কমিটি ২টি সংশ্লিষ্ট খাতে বিভিন্ন আইটেমের মালামালের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে পবিসসমূহ কর্তৃক মালামালের চাহিদা, মালামাল সংগ্রহের জন্য অর্থের সংস্থান, চাহিদাকৃত মালামালের বর্তমান মজুদ (Present Balance) ইত্যাদি বিবেচনা করবে। যদি অর্থের সংস্থান যথেষ্ঠ হয় এবং প্রতিটি খাতে মালামালের চাহিদা নিবিড় পর্যবেক্ষণ ও অভিজ্ঞতার আলোকে এমনভাবে নিরুপন করা যায় যাতে পবিসসমূহ চাহিবামাত্র মালামালের মূল্য



(Md. Mozibur Rahman) Consultant TAPP BREB

(Md. Duhidul Islam) Consultant TAPP BREB

(Md. Mozammel Huq) Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque) Consultant, TAPP, BREB

(Md. Ahsanul Haque) Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty) PD, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৫০

(Kamrul Ahsan Mollik) Asst. Secy. (Board), BREB.

পরিশোধ সাপেক্ষে মালামাল প্রদান করা সম্ভব হবে, তাহলে পবিসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ কম বিঘ্নিত হবে এবং অগ্রাধিকার ভিত্তিতে ডিপোজিট ওয়ার্কের কাজ সম্পন্নের মাধ্যমে উন্নত গ্রাহক সেবা নিশ্চিত করা যাবে। তবে এটা লক্ষ্য রাখতে হবে যে, এমন কোন মালামাল সংগ্রহ করা যাবে না কিংবা অধিক পরিমাণ সংগ্রহ করা যাবে না, যা স্লো-মুভিং বা ডেড আইটেম হিসেবে বিবেচিত হয়।

(iv) সংগ্রহতব্য মালামালসমূহের পরিমাণ কমিটি কর্তৃক নির্ধারণের পর পরিচালক (এমপিএসএস) ক্রয় পরিকল্পনা প্রস্তুত পূর্বক HOPE-এর অনুমোদন গ্রহণ করবেন। ওএন্ডএম ও ডিপেজিট খাতের মালামাল ব্যতীত অন্য কোন খাতে পবিস এর জন্য (প্রকল্প খাত ব্যতীত) বাপবিবোর মাধ্যমে মালামাল সংগ্রহ করা হলেও পরিচালক (এমপিএসএস) মালামালের পরিমাণ নির্ধারণ করে ক্রয় পরিকল্পনা প্রস্তুতপূর্বক HOPE-এর অনুমোদন গ্রহণ করবেন।

**(ঘ) সংগ্রহতব্য মালামালের প্রাক্কলন ও Bill of Material প্রস্তুতকরণঃ**

সংগ্রহতব্য মালামালের পরিমাণ নির্ধারণের পর প্রতিটি আইটেমের একক প্রাক্কলিত দরের ভিত্তিতে এমপিএসএস পরিদপ্তর Bill of Material প্রস্তুত করবে। প্রস্তুতকৃত বিল অব ম্যাটেরিয়াল HOPE (Head of Procuring Futity)-এর নিকট হতে অনুমোদন গ্রহণ করবে। প্রসংগত উল্লেখ্য যে, একক প্রাক্কলিত দর নির্ধারণের পদ্ধতি আলোচ্য নীতিমালায় অনুচ্ছেদ ০৩.০১ এর (৩) এ বর্ণনা করা হয়েছে।

**(ঙ) দরপত্র আহবানের জন্য Bill of Material সহ অন্যান্য দলিলাদি সংগ্রহ পরিদপ্তরে প্রেরণঃ**

অনুমোদিত Bill of Material-এর সাথে সংগ্রহতব্য মালামালের Specification, Bid/Tender submission sheet, Price schedule, Delivery schedule ইত্যাদি এমপিএসএস পরিদপ্তর হতে



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০.০

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

সংগ্রহ পরিদপ্তরে প্রেরণ করা হবে। প্রসংগত উল্লেখ যে, পবিসের জন্য ওএন্ডএম/ডিপোজিট খাতে মালামালের সংগ্রহের জন্য সংগ্রহ পরিদপ্তর ক্রয়কারী (PE) দপ্তর হিসেবে ক্রয় কার্য সম্পন্ন করবে। আরও উল্লেখ্য যে, Specification সমূহ এমপিএসএস পরিদপ্তর কর্তৃক সংরক্ষণ বা নতুন Specification প্রণয়ন ও প্রয়োজনে পরিবর্তনের বিষয়ে আলোচ্য নীতিমালার অনুচ্ছেদ ০৩.০১ এর (৪) এ বর্ণনা করা হয়েছে।

**(ছ) দরপত্র আহবান ও সরবরাহকারীর সাথে চুক্তি সম্পাদন ও বাস্তবায়নঃ**

পবিসের জন্য ওএন্ডএম এবং ডিপোজিট খাতে মালামাল সংগ্রহের ক্ষেত্রে প্রকল্পের আওতায় মালামাল সংগ্রহের ন্যায় সংগ্রহ পরিদপ্তর দরপত্র দলিল প্রস্তুতপূর্বক PPR-এ বর্ণিত নীতিমালা/নির্দেশিনা অনুযায়ী দরপত্র আহবান হতে শুরু করে ক্রয় প্রক্রিয়ার সকল ধাপ অনুসরণ পূর্বক সর্বনিম্ন কৃতকার্য দরদাতার (Lowest Responsive Bidder) সাথে চুক্তি সম্পাদন করে এবং PPR-এর নির্দেশিনা অনুযায়ী তা বাস্তবায়ন করবে। EGP-এর মাধ্যমে দরপত্র আহবান করা হলে এতদবিষয়ে PPR-এর সর্বশেষ নীতিমালা ও CPTU (Central Procurement Technical Unit) এর- Guideline অনুযায়ী দরপত্র আহবান থেকে শুরু করে অন্যান্য যাবতীয় কার্যাবলী সম্পন্ন করতে হবে।

০৩.০৩ঃ অনুচ্ছেদ নং ০৩.০১ এবং ০৩.০২ এ বর্ণিত কমিটি সময়ে সময়ে বোর্ড কর্তৃক পুণর্গঠণ করা যেতে পারে।

| বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | | | | |
|---|---|---|---|---|
| পবিস নির্দেশিকা-১০০-৬৮/বাপবিবো নির্দেশিকা-৫০০-৩১ঃ | | | | |
| বাপবিবো কর্তৃক বিভিন্ন প্রকল্পের বিপরীতে এবং পবিস এর ডিপোজিট/ওএন্ডএম কাজের জন্য মালামাল সংগ্রহ প্রক্রিয়া। | | | | |
| উৎপত্তির তারিখ | হালনাগাদকারী | অনুমোদনকারী | পৃষ্ঠা সংখ্যা | সংশোধন সংখ্যা |
| ১৯/০২/২০২০ খ্রিঃ | বাপবিবো | বাপবিবো বোর্ড | পৃষ্ঠা ১২ /১২ | - |
| সংশোধনের তারিখঃ - | | | | |

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৫০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

Debasish Chakraborty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.